৬৫০৭

সোনালী ব্যাংক লিমিটেড
জেনারেল ম্যানেজার'স অফিস, ফরিদপুর।

সোনালী ব্যাংক লিমিটেড, জেনারেল ম্যানেজার'স অফিস, ফরিদপুর এ গঠিত নৈতিকতা কমিটির ডিসেম্বর, ২০২১ মাসের সচেতনতা বৃদ্ধিমূলক সভার কার্যবিবরণী ঃ

অদ্য ২৩.১২.২০২১ তারিখ ৪.৩০ ঘটিকায় সোনালী ব্যাংক লিমিটেড, জেনারেল ম্যানেজার'স অফিস, ফরিদপুরে নিম্ন স্বাক্ষরকারীর সভাপতিত্বে নৈতিকতা কমিটির ডিসেম্বর, ২০২১ মাসের সচেতনতা বৃদ্ধিমূলক সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় কমিটির নিম্ন বর্ণিত সদস্যগণসহ এ কার্যালয়ের সকল কর্মকর্তা/কর্মচারী উপস্থিত ছিলেন ঃ

| | | | |
|---|---|---|---|
| ক) | জনাব খোকন চন্দ্র বিশ্বাস | জেনারেল ম্যানেজার | সভাপতি |
| খ) | জনাব মাহবুবুল আলম | ডেপুটি জেনারেল ম্যানেজার | ফোকাল পয়েন্ট |
| গ) | জনাব শেখ আমির খসরু | এসিস্ট্যান্ট জেনারেল ম্যানেজার | সদস্য |
| ঘ) | জনাব মো আরিফুল ইসলাম | সিনিয়র প্রিন্সিপাল অফিসার | সদস্য |
| ঙ) | জনাব কৃষ্ণপদ বিশ্বাস | প্রিন্সিপাল অফিসার | সদস্য সচিব |

আলোচ্য সূচী ঃ

১) নির্দিষ্ট সময়ে অফিসে উপস্থিতি;
২) অফিসের কর্মপরিবেশ উন্নয়ন;
৩) জারীকৃত নীতিমালা, গাইডলাইন/পরিপত্র যথাযথভাবে পরিপালন;
৪) অনলাইন রেসপন্স সিস্টেমের ব্যবহার;
৫) দাপ্তরিক কাজে সোশ্যাল মিডিয়ার ব্যবহার;
৬) সততা ও নিষ্ঠার সাথে পেশাগত দায়িত্ব পালন;
৭) নারী সহকর্মীদের সাথে শালীন আচরণ;
৮) শুদ্ধাচার প্রতিষ্ঠার ক্ষেত্রে অন্তরায়সমূহ চিহ্নিত করণ;
৯) করোনা কালীন ব্যাংকিং;
১০) অফিস ত্যাগের পূর্বে স্ব স্ব ডেস্কের লাইট ফ্যান প্রভৃতি বন্ধ রাখা;
১১) বিবিধ।

সভার শুরুতে সভাপতি মহোদয় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন । তিনি সভার আলোচ্য সূচী নিয়ে সংক্ষেপে আলোচনা করার জন্য জনাব মাহবুবুল আলম, ডেপুটি জেনারেল ম্যানেজার মহোদয়কে আহবান জানান। জনাব মাহবুবুল আলম তাঁর বক্তব্যে এ কার্যালয়ের কর্মকর্তাদের অফিসে যথাসময়ে উপস্থিতিতে অত্যন্ত সন্তোষ প্রকাশ করেন। অফিসের কর্মপরিবেশ উন্নয়নের লক্ষ্যে পরিষ্কার পরিচ্ছন্নতার সাথে সংশ্লিষ্ট কর্মচারীদের তিনি বিভিন্ন নির্দেশনা প্রদান করেন এবং বিভিন্ন ডেস্কের কর্মকর্তাদেরকে তাদের স্ব স্ব ডেস্ক, কম্পিউটার, আলমারী, ফাইল ক্যাবিনেট ইত্যাদি প্রতিনিয়ত পরিষ্কার পরিচ্ছন্ন ও সাজানো গোছানো অবস্থায় রাখার পরামর্শ দেন। ব্যবহৃত লাইট ও ফ্যান যাতে বিনা প্রয়োজনে ব্যবহৃত না হয় সেজন্যও নির্দেশনা প্রদান করেন। অফিস শেষে ফ্যান ও লাইট নিজ দায়িত্বে অফ করার জন্যও তিনি সকলকে পরামর্শ দেন। অফিসে উচ্চস্বরে ও ভাষা ব্যবহারে আঞ্চলিকতা পরিহার করে কথাবার্তা/আলাপ আলোচনা করার জন্য পরামর্শ দেন। স্ব স্ব দায়িত্ব পালনের ক্ষেত্রে মন্ত্রনালয়, বাংলাদেশ ব্যাংক এবং এ ব্যাংকের প্রধান কার্যালয় কর্তৃক বিভিন্ন সময়ে জারীকৃত প্রজ্ঞাপন, পরিপত্র, পত্র, স্মারক ইত্যাদি যথাযথভাবে অনুসরণ ও পরিপালন করে ব্যাংক স্বার্থ রক্ষা এবং নিজেদের চাকুরীর নিরাপত্তা অক্ষুণ্ন রাখার নির্দেশনা প্রদান করে তিনি তার বক্তব্য শেষ করেন।

পরবর্তীতে সভাপতি মহোদয় অনলাইন রেসপন্স সিস্টেমের ব্যবহার, দাপ্তরিক কাজে স্যোশাল মিডিয়ার ব্যবহার, সততা ও নিষ্ঠার সাথে পেশাগত দায়িত্ব পালন, নারী সহকর্মীদের সাথে শালীন আচরণ, শুদ্ধাচার প্রতিষ্ঠার ক্ষেত্রে অন্তরায় চিহ্নিত করণ বিষয়ে বিস্তারিত আলোচনা করেন এবং উপস্থিত সকলকে দাপ্তরিক কাজে ই-মেইল/অনলাইন সিস্টেম ব্যবহার করে তথ্য, চিঠিপত্র/স্টেটমেন্ট আদান প্রদান করে পেপারলেস ব্যাংকিং বাস্তবায়ন, স্যোশাল মিডিয়া ব্যবহার করে পারস্পারিক অভিজ্ঞতা শেয়ার করে ব্যক্তিগত অভিজ্ঞতা ও দৃষ্টিভঙ্গির পরিবর্তন সাধন করার পরামর্শ দেন। তবে ই-মেইল/ওয়েব সাইট ব্যবহারের ক্ষেত্রে অনাকাঙ্ক্ষিত মেইল আদান প্রদান/ওয়েব সাইট এ লগইন, আকর্ষণীয় বিজ্ঞাপন বা মেইল দেখে প্রলুব্ধ হয়ে লগইন না করাসহ সাইবার সিকিউরিটি নিশ্চিত করণার্থে প্রয়োজনীয় সতর্কতা অবলম্বন করা এবং বিভিন্ন সামাজিক যোগাযোগ মাধ্যমে বিশেষ করে ফেসবুক এর মাধ্যমে সরকারী বিভিন্ন কর্মসূচী, সরকারের গুরুত্বপূর্ণ ব্যক্তিবর্গ, বাংলাদেশ ব্যাংকের নির্দেশনা ও এ ব্যাংকের অভ্যন্তরীণ বিষয়ে বিরূপ স্ট্যাটাস দেয়া, শেয়ার ও কমেন্টস করা, ব্যাংক স্বার্থ পরিপন্থী/রাষ্ট্রদ্রোহী আচরণ ও মন্তব্য করা থেকে বিরত থাকা, অকর্মকর্তা সুলভ আচরণ পরিহার, নারী সহকর্মীদের প্রতি যথাযথ সম্মান প্রদর্শনসহ তাঁদেরকে সন্ধ্যা ৬.০০ টার মধ্যে অফিস পরিত্যাগে সহযোগিতা করার পরামর্শ প্রদান করেন। কোন ধরনের আবেগ, অনুরাগ বা বিরাগের বশীভূত না হয়ে ব্যাংক স্বার্থে সকলকে কাজ করার জন্য তিনি অনুরোধ জানান। করোনা ভাইরাসের নতুন ধরণ ওমিক্রনের সংক্রমণ রোধকল্পে নিয়মিত সাবান ও হ্যান্ড ওয়াস দিয়ে হাত ধোয়াসহ মাস্ক ব্যবহারের পরামর্শ প্রদান করেন। সভাপতি মহোদয় সকলকে নিজ নিজ ধর্মীয় মূল্যবোধের উপর প্রতিষ্ঠিত থেকে ব্যক্তিগত জীবনে নৈতিক মূল্যবোধ প্রতিষ্ঠার পরামর্শ প্রদান করে তার বক্তব্য শেষ করেন।

চলমান পাতা-২

সোনালী ব্যাংক লিমিটেড
জেনারেল ম্যানেজার'স অফিস, ফরিদপুর।



উপস্থিত সদস্যবৃন্দসহ উপস্থিত সকল কর্মকর্তা/কর্মচারী বিবিধ আলোচনায় অংশ গ্রহণ করে পেশাগত দায়িত্ব পালনে স্ব স্ব দৈনন্দিন সমস্যাবলী নিয়ে সভাপতি মহোদয়ের মনোযোগ আকর্ষণ করেন। বিস্তারিত আলোচনা শেষে নিম্নে বর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয় ঃ

| ক্রঃ নং | সিদ্ধান্তের বিষয়বস্তু | বাস্তবায়নকারী নির্বাহী/কর্মকর্তা/কর্মচারী | বাস্তবায়নের সময়সীমা |
|---|---|---|---|
| ১ | অফিসে কর্মরত সকল নির্বাহী ও কর্মকর্তা/কর্মচারীদের নির্ধারিত সময়ের ১৫ মিনিট পূর্বে অফিসে উপস্থিতি নিশ্চিত করতে হবে। নামাজ এবং মধ্যাহ্ন ভোজের বিরতি ৩০ মিনিট এর বেশি ভোগ করা যাবে না। | জনাব মাহবুবুল আলম<br>ডেপুটি জেনারেল ম্যানেজার | প্রতি কর্মদিবস |
| ২ | ছুটি গ্রহণের ক্ষেত্রে অফিসের স্বার্থ বিবেচনায় রেখে পূর্ব দিবসেই যথারীতি ছুটি মঞ্জুরীকারী কর্তৃপক্ষের মাধ্যমে ছুটি মঞ্জুর করে নিতে হবে। কর্তৃপক্ষের অনুমতি ছাড়া অফিস চলাকালীন সময়ে ডেস্ক ত্যাগ করা যাবে না। | জনাব মাহবুবুল আলম<br>ডেপুটি জেনারেল ম্যানেজার | প্রতি কর্মদিবস |
| ৩ | স্ব স্ব আলমারি, ফাইল কেবিনেট, ডেস্ক, কম্পিউটার ইত্যাদি পরিষ্কার পরিচ্ছন্ন রাখতে হবে। অফিসে আগমনের সময় অবশ্যই পরিষ্কার পরিচ্ছন্ন অফিসিয়াল পোশাকে সজ্জিত হয়ে অফিসে আসতে হবে। সহকর্মীসহ আগত গ্রাহকের সাথে শালিনতাপূর্ণ আচার আচরণ ও কথাবার্তা বলতে হবে। সহকর্মীগণ পারস্পারিক সহযোগিতামূলক আচরণ করবেন। | জনাব মাহবুবুল আলম<br>ডেপুটি জেনারেল ম্যানেজার | প্রতি কর্মদিবস |
| ৪ | দাপ্তরিক কাজে জারীকৃত নীতিমালা, গাইডলাইন/পরিপত্র যথাযথভাবে পরিপালন করতে হবে | জনাব মাহবুবুল আলম<br>ডেপুটি জেনারেল ম্যানেজার | প্রতি কর্মদিবস |
| ৫ | অনলাইন রেসপন্স সিস্টেমের ব্যবহারের ক্ষেত্রে সাইবার সিকিউরিটি নিশ্চিত করণের জন্য ইতোপূর্বে জারীকৃত সকল পরিপত্র/গাইডলাইন যথাযথভাবে অনুসরণ করতে হবে। | জনাব মাহবুবুল আলম<br>ডেপুটি জেনারেল ম্যানেজার | প্রতি কর্মদিবস |
| ৬ | কোন ধরনের আবেগ, অনুরাগ, বিরাগের বশীভূত না হয়ে সকল প্রকার লোভ লালসা পরিহার করে ব্যাংক স্বার্থে আত্ম নিবেদিত হয়ে পেশাগত দায়িত্ব পালন করতে হবে | জনাব মাহবুবুল আলম<br>ডেপুটি জেনারেল ম্যানেজার | প্রতি কর্মদিবস |
| ৭ | সলক কর্মকর্তা/কর্মচারী স্ব স্ব ধর্মীয় আচার পালনে আন্তরিক থাকবেন। অফিস সময়ে নামাজ/ধর্মীয় আচার পালনে সংশ্লিষ্ট অফিসের পূর্ণ সহযোগিতা থাকবে। | জনাব মাহবুবুল আলম<br>ডেপুটি জেনারেল ম্যানেজার | প্রতি কর্মদিবস |
| ৮ | ডেস্ক/অফিস ত্যাগ কালে নিজ নিজ টেবিল, ড্রয়ার, আলমারী, ফাইল কেবিনেট ইত্যাদি তালাবদ্ধ করতে হবে এবং ফ্যান, লাইট নিজ দায়িত্বে বন্ধ করতে হবে। | সকল নির্বাহী ও কর্মকর্তা/কর্মচারী | প্রতি কর্মদিবস |
| ৯ | অফিসের বাথরুম, ফ্লোর এবং ডেস্ক নির্ধারিত পরিষ্কার পরিচ্ছন্নতাকারী কর্মী ভালভাবে পরিষ্কার পরিচ্ছন্ন করে কিনা তা নিশ্চিত হতে হবে। | সকল নির্বাহী ও কর্মকর্তা/কর্মচারী | প্রতি কর্মদিবস |

সভাপতি মহোদয় পরিশেষে সকলকে নৈতিক মানদন্ডে সমুন্নত থাকতে এবং সকল বিষয়ে ব্যক্তিগত বিচার বুদ্ধির প্রয়োগ করে সিদ্ধান্ত গ্রহণ করার জন্য অনুরোধ জানান। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মাহবুবুল আলম)
ফোকাল পয়েন্ট
নৈতিকতা কমিটি
ও
ডেপুটি জেনারেল ম্যানেজার।

# সোনালী ব্যাংক লিমিটেড

## জেনারেল ম্যানেজার'স অফিস, চট্টগ্রাম।

সূত্র: ডিজিএম/এইচআরডিডি/শুদ্ধাচার/ ৫২২ তারিখ : ২৮/১২/২০২১ ইং

**বিষয় : ২০২১-২০২২ অর্থ বছরের শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা বাস্তবায়ন কার্যক্রমের আওতায় এ কার্যালয় কর্তৃক অক্টোবর-ডিসেম্বর, ২০২১ প্রান্তিকের ত্রৈমাসিক সভার কার্যবিবরণী।**

অদ্য ২৮ ডিসেম্বর, ২০২১ তারিখ বিকাল ৩.০০ ঘটিকায় অত্র কার্যালয়ের কনফারেন্স রুমে ২০২১-২০২২ অর্থ বছরের অক্টোবর-ডিসেম্বর, ২০২১ প্রন্তিকের শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা বাস্তবায়ন কার্যক্রমের আওতায় নিম্নোল্লেখিত নির্বাহী/কর্মকর্তাগণের উপস্থিতিতে উক্ত অর্থ বৎসরের জন্য গঠিত নৈতিকতা কমিটির এক সভা অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন এ কার্যালয়ের ডেপুটি জেনারেল ম্যানেজার ও নৈতিকতা কমিটির সভাপতি জনাব মোঃ নূরুল হক।

সভার উপস্থিতি :

| ক্রমিক | নির্বাহী/ কর্মকর্তার নাম ও পদবী | কমিটিতে অবস্থান/পদ | স্বাক্ষর |
|---|---|---|---|
| ০১। | জনাব মোঃ নুরুল হক<br>ডেপুটি জেনারেল ম্যানেজার | সভাপতি | |
| ০২। | বেগম শিউলি দাশ<br>এসিস্ট্যান্ট জেনারেল ম্যানেজার | সদস্য | |
| ০৩। | জনাব মোঃ মোশাররফ হোসেন<br>এসিস্ট্যান্ট জেনারেল ম্যানেজার | ফোকাল পয়েন্ট | |
| ০৪। | জনাব মোঃ সাইফুদ্দিন<br>সিনিয়র প্রিন্সিপাল অফিসার | সদস্য | |
| ০৫। | জনাব মোঃ নুরুদ্দিন জাহেদ<br>প্রিন্সিপাল অফিসার | সদস্য | |

সভায় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা বাস্তবায়ন কার্যক্রমের অংশ হিসেবে ব্যাংকের বিভিন্ন বিষয়ের মধ্যে নৈতিকতা সমুন্নত রেখে গ্রাহক সেবা কার্যক্রম বিষয়ে প্রাধান্য বজায় রাখার আহবান জানিয়ে সভার সভাপতি উপস্থিত সকলকে সভায় স্বাগত জানান।

সভায় জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা বাস্তবায়নে গৃহীত পদক্ষেপ, করণীয় ও অর্জিত অগ্রগতি সংক্রান্ত আলোচনা হয়।

অদ্যকার সভার সভাপতি ২০২১-২০২২ অর্থ বৎসরের শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা বাস্তবায়ন বিষয়ে কার্যকর ভূমিকা রাখার জন্য কমিটির সকল সদস্যকে ধন্যবাদ জানান।

সভাপতির অনুমতিক্রমে নৈতিকতা কমিটির সদস্য বেগম শিউলি দাশ (এসিস্ট্যান্ট জেনারেল ম্যানেজার) শুদ্ধাচার এর আওতায় নৈতিকতা বিষয়ে সকল কর্মকর্তা/কর্মচারীকে অধিকতর সচেতন করে গড়ে তোলার লক্ষ্যে এতদবিষয়ে এ কার্যালয়ের নিয়ন্ত্রনাধীন সকল প্রিন্সিপাল অফিস/রিজিওনাল অফিস/কর্পোরেট শাখা পর্যায়ে স্ব-উদ্যোগে নিজ নিজ কার্যালয়/শাখায় মাসিক ভিত্তিতে শুদ্ধাচার বিষয়ে কর্মকর্তা/কর্মচারীদেরকে প্রশিক্ষণ প্রদানের উপর গুরুত্ব আরোপ করেন।

অদ্যকার সভায় কমিটির ফোকাল পয়েন্ট জনাব মোঃ মোশাররফ হোসেন (এসিস্ট্যান্ট জেনারেল ম্যানেজার) গ্রাহক নির্বাচন ও ঋণ প্রস্তাব প্রকৃয়াকরণে অধিতকরত স্বচ্ছতা আনায়নের জন্য নিয়ন্ত্রণাধীন প্রিন্সিপাল অফিস/রিজিওনাল অফিস/কর্পোরেট শাখাসহ সকল শাখার কার্যক্রম মনিটরিং করার উপর জোর দেন।

আলোচনায় অংশ নিয়ে কমিটির সদস্য জনাব মোহাম্মদ সাইফুদ্দিন (সিনিয়র প্রিন্সিপাল অফিসার) এ কার্যালয়সহ আওতাধীন প্রিন্সিপাল অফিস/রিজিওনাল অফিস/কর্পোরেট শাখাসমূহে সদ্য নিয়োজিত রিলেশনশীপ ম্যানেজারদের দায়িত্ব সম্পর্কে সংশ্লিষ্টদের মধ্যে সচেতনতা বৃদ্ধি এবং এ ব্যাংকে সম্ভাব্য দূর্নীতি রোধে কর্মকর্তা/কর্মচারীদের মধ্যে হুইশেল ব্লোয়িং নীতিমালা অনুসরণে আহবান জানান।

এতদব্যতীত গত ১৮/১১/২০২১ তারিখে এ কার্যালয়ের কম্পিউটার ল্যাব-এ অনুষ্ঠিত জাতীয় শুদ্ধাচার কৌশল বিষয়ক প্রশিক্ষণ কর্মশালায় গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার এর অর্থ মন্ত্রণালয়ের মাননীয় যুগ্ম সচিব জনাব মৃত্যুঞ্জয় সাহা মহোদয়ের দিক নির্দেশনা ও পরামর্শমূলক বক্তব্য বিষয়ে সভায় আলোচনা হয়। মাননীয় যুগ্ম সচিব মহোদয় দাপ্তরিক কাজের সকল ক্ষেত্রে নৈতিকতার প্রাধান্য বজায় রাখা, কর্মক্ষেত্রে কারো দ্বারা প্রভাবিত না হওয়া, পরিবেশ বান্ধব ব্যাংক হিসেবে শাখা/কার্যালয়ের অভ্যন্তরে ও বাইরে পরিষ্কার পরিচ্ছন্ন রাখা সর্বোপরি স্ব-স্ব দায়িত্ব সম্পর্কে সচেতনাতার উপর গুরুত্বারোপ করেন। মাননীয় যুগ্ম সচিব মহোদয়ের পরামর্শ ও নির্দেশনার আলোকে সমস্ত কর্মকান্ড পরিচালনার জন্য আজকের সভার সভাপতি মহোদয় এ কার্যালয়সহ নিয়ন্ত্রণাধীন কার্যালয়/শাখাসমূহে কর্মরত সকল নির্বাহী/কর্মকর্তা/কর্মচারীদের প্রতি আহবান জানান।

অদ্যকার সভার সভাপতি শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা বাস্তবায়নের জন্য সকলের সহযোগীতা কামনা করেন এবং সর্বশেষে উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মোঃ নুরুল হক)
ডেপুটি জেনারেল ম্যানেজার
এবং সভাপতি নৈতিকতা কমিটি

সংযুক্তঃ ছবি।

অনুলিপি :
ডেপুটি জেনারেল ম্যানেজার, হিউম্যান রিসোর্স ডেভেলপমেন্ট ডিভিশন, সোনালী ব্যাংক লিমিটেড, প্রধান কার্যালয়, ঢাকা।

ডেপুটি জেনারেল ম্যানেজার।